

## হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ২.৩০কেজি কোকেনসহ পেরুর নাগরিক ও দুই বাংলাদেশী গ্রেফতার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারে যে, একজন পেরুর নাগরিক হযরত শাহজালাল(র:) আন্তর্জাতিক বিমানবন্দর দিয়ে বাংলাদেশে কোকেনের একটি চালান নিয়ে



আসবে। অধিদপ্তরের একটি বিশেষ টিম ইমিগ্রেশন পুলিশকে বিষয়টি জানালে তাঁরা বিমান বন্দরে বিশেষ সতর্কতা অবলম্বন করে। দুপুরের দিকে দুবাই হতে আগত এমিরেটস এয়ারলাইন্সের ফ্লাইট ইকে ৫৮২ অবতরণের পর যাত্রীদের গতিবিধির উপর

নজরদারী বাড়ানো হয়। এক পর্যায়ে আলোচ্য বিদেশী নাগরিকের গতিবিধি সন্দেহজনক হওয়ায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তাসহ ইমিগ্রেশন পুলিশ তাকে চ্যালেঞ্জ করে ও তাকে তল্লাশির জন্য কাস্টমস হলে নিয়ে আসে। তল্লাশির এক পর্যায়ে কাস্টমস স্ক্যানিং এর সময় ব্যাগে সুকৌশলে রাখা কালো পলিথিন দিয়ে মোড়ানো সাদা পাউডার জাতীয় বস্তু পাওয়া যায়। পরবর্তীতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এই সাদা পাউডার জাতীয় বস্তুকে প্রাথমিক পরীক্ষায় কোকেন হিসেবে চিহ্নিত করে। আটককৃত কোকেনের মালিক পেরুর নাগরিক যার নাম **Jaime Bardales Gomez(৫৮)**। উদ্ধারকৃত কোকেনের পরিমাণ প্রায় ২৩০০ গ্রাম, যার আনুমানিক বাজারমূল্য প্রায় ৫০(পঞ্চাশ) কোটি টাকা। এ বিষয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ মোতাবেক অধিদপ্তরের একজন পরিদর্শক(বাদী) কর্তৃক সংশ্লিষ্ট ধারায় থানায় মামলা দায়ের করা হচ্ছে।

অভিযুক্ত জেইম এর ইমিগ্রেশনে কার্যক্রম সমাপ্তি ও ভিসা অন এ্যরাইভাল প্রক্রিয়ায় জড়িত ১। মোঃ সালাউদ্দিন(৩৮) ও ২। মোঃ আব্দুস ছালাম(৪৩) নামে দুইজন বাংলাদেশী সম্পৃক্ত থাকায় তাদেরকে গ্রেফতার করা হয়েছে।